যুগান্তর

তারিখ ........................ 1 1 2002
পৃষ্ঠা ..... কলাম .....

# ইবাইস ইউনিভার্সিটির সরকারি অনুমোদন লাভ

সম্প্রতি শিক্ষা মন্ত্রণালয় ইবাইস ইউনিভার্সিটিকে অনুমোদন দিয়েছে। আন্তর্জাতিকভাবে স্বীকৃত এ শিক্ষা প্রতিষ্ঠান ১৯৯৭ সালের শেষ দিকে লন্ডনের আমেরিকান ইউনিভার্সিটির অনুমোদিত ক্যাম্পাস হিসেবে ঢাকাতে এর কার্যক্রম শুরু করে। ২০০০ সালে প্রিস্টন ইউনিভার্সিটের অনুমোদন নিয়ে এর শিক্ষা কার্যক্রম আরও বিস্তৃতি লাভ করে। ছাত্রছাত্রীদের আন্তর্জাতিক মানসম্পন্ন শিক্ষা প্রদানই ইবাইসের মূল লক্ষ্য। শিক্ষার গুণগতমানের কারণেই এই প্রতিষ্ঠানের গ্রাজুয়েটরা দেশের ভেতরে এবং বাইরের চাকরির বাজারে একটি সুসংহত অবস্থান ইতিমধ্যেই করে নিয়েছে।

প্রতিষ্ঠানটির সার্বিক তত্ত্বাবধানে রয়েছেন এর প্রতিষ্ঠাতা প্রেসিডেন্ট জাকারিয়া লিংকন, স্টামফোর্ড কলেজসহ বেশ কয়েকটি শিক্ষা প্রতিষ্ঠানের সফল উদ্যোক্তা হিসাবে যিনি ইতিমধ্যেই সুনাম অর্জন করেছেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য ও সাবেক রাষ্ট্রদূত প্রফেসর এম মনিরুজ্জামান মিঞা ইবাইস ইউনিভার্সিটির উপাচার্য নিযুক্ত হয়েছেন। সংবাদ বিজ্ঞপ্তি।